গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

স্মারক নং: ১২.০২.০০০০.০১২.০৬.০০১.১৭-৬১৪ তারিখঃ ১৪-০৯-২০১৭

বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৭-১৮ অর্থ বছরের এডিপিতে অর্ন্তভূক্ত প্রকল্প/কর্মসূচী সমূহের উপর গত ২৮-০৮-২০১৭ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (জুলাই/২০১৭ পর্যন্ত) সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৮-০৮-২০১৭ তা রিখে কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৭-১৮ অর্থ বছরের এডিপিভূক্ত প্রকল্প এবং রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতির (জুলাই/২০১৭ পর্যন্ত) উপর পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

২। কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন (সেপ্টেম্বর,২০১৭) মাসের এডিপি সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য বিশেষ কোন আলোচ্যসূচীর প্রস্তাব থাকলে তা আগামি ২০-০৯-২০১৭ তারিখের মধ্যে অধিদপ্তরে হার্ড কপি ও সফট কপি (ই-মেইলেঃ anarul@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ০৬ (ছয়) পাতা।

১৪/৯/১৭
(আনারুল কবির)
উপ-পরিচালক (পিপি)
ফোনঃ ৯১১৪৮২২
e-mail: dc_p@dam.gov,com

কার্যার্থে অনুলিপিঃ (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।

০১। উপ-পরিচালক (বাজার সংযোগ), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
০২। উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/রাজশাহী/খুলনা/চট্রগ্রাম/সিলেট/বরিশাল/রংপুর বিভাগ।
০৩। প্রকল্প পরিচালক, সমাপ্ত পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (বিপণন অংগ), বাগেরহাট।
০৪। প্রকল্প পরিচালক, সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প (বিপণন অংগ), খামারবাড়ি, ঢাকা।
০৫। কর্মসূচী পরিচালক, বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী, রংপুর।
০৬। কর্মসূচী পরিচালক, ফ্রেশকাট শাকসজি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচী , ঢাকা।
০৭। সহকারী পরিচালক (প্রশাঃ), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

০১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
(দৃঃআঃ যুগ্ম-প্রধান, কৃষি মন্ত্রণালয়)।
০২। সিস্টেম এ্যাডমিন (আইসিটি সেল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)
০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

বিষয়ঃ ২০১৭-১৮ অর্থ বছরের এডিপিভূক্ত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচীসমূহের উপর গত ২৮-০৮-২০১৭ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (জুলাই/২০১৭ পর্যন্ত) সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব মোঃ মাহবুব আহমেদ, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর।
স্থান : সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা।
সময় : সকাল ৯.৩০ ঘটিকা।
তারিখ : ২৮ আগস্ট, ২০১৭ খ্রিঃ।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ : পরিশিষ্ট-'ক' ।
সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভার কার্যপত্র অনুযায়ী আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

আলোচনাঃ

১। আলোচ্য বিষয়-১: ৩১-০৭-২০১৭ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।
গত ৩১-০৭-২০১৭ তারিখে অনুষ্ঠিত জুন, ২০১৭ সময়ের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হয় এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা নিশ্চিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.১	৩১-০৭-২০১৭ তারিখের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো।	উপ-পরিচালক (নীতি ও পরিকল্পনা)

২। আলোচ্য বিষয়-২: ৩১-০৭-২০১৭ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি আলোচনা।

গত ৩১-০৭-২০১৭ তারিখে অনুষ্ঠিত জুন/২০১৭ সময়ের এডিপি পর্যালোচনা সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়। বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি আলোচনাকালে সভাকে অবহিত করা হয় যে, অধিদপ্তর পুনর্গঠিত হওয়ার প্রেক্ষিতে বিভিন্ন জেলায় নিজস্ব অফিস স্থাপনাসহ প্রক্রিয়াজাতকরণ সুবিধা সৃষ্টির লক্ষ্যে নিজস্ব স্থাপনা নির্মাণের নিমিত্ত প্রস্তাবিত প্রকল্পভূক্ত জেলাসমূহে অফিস কাম প্রসেসিং এন্ড ট্রেনিং সেন্টার নির্মাণের জন্য জমি প্রাপ্তির তথ্য কতিপয় জেলা হতে পাওয়া যায়নি। যেসকল জেলাসমূহ হতে এখনও তথ্য পাওয়া যায়নি সেসকল জেলা অফিস হতে জরুরী ভিত্তিতে তথ্য প্রেরণের বিষয়টি নিশ্চিত করার জন্য বিভাগীয় উপ-পরিচালকগণকে সভায় নির্দেশনা প্রদান করা হয়।

উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি সভাকে অবহিত করেন যে, প্রকল্পের আওতায় সংগৃহীত মালামালের পূর্ণাঙ্গ ইনভেন্টরী প্রস্তুত পূর্বক ইতোমধ্যে সদর দপ্তরে প্রেরণ করা হয়েছে। সমাপ্ত প্রকল্পের আওতায় ডিপিপি অনুযায়ী সংগৃহীত মালামাল সংশ্লিষ্ট কমিটির নিকট হস্তান্তর করা হয়েছে এবং প্রকল্পের পিসিআর ইতোমধ্যে অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।

সমাপ্ত পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন (ডিএএম অংগ) প্র কল্পের কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় উপ-পরিচালক (পিপি) সভাকে জানান যে, সমাপ্ত প্রকল্পের আওতায় ডিপিপি অনুযায়ী সংগৃহীত মালামাল সংশ্লিষ্ট কমিটির নিকট গত ২০.০৮.২০১৭তারিখ হস্তান্তর করা হয়েছে ।

প্রকল্প পরিচালক (অঃ দাঃ), সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প (বিপণন অংগ) সভাকে অবহিত করেন যে, হবিগঞ্জ ও মৌলভীবাজার জেলার এসেম্বল সেন্টার নির্মাণ কাজ দ্রুততম সময়ে সম্পন্ন করে বুঝিয়ে দেয়ার জন্য গত ২১/০৮/২০১৭ তারিখে তত্ত্বাধায়ক প্রকৌশলী (টেকনিক্যাল সাপোর্ট), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। তাছাড়া সিলেট জেলার অফিস কাম প্রসেসিং এন্ড ট্রেনিং সেন্টার নির্মাণের জন্য গণপূর্ত অধিদপ্তর, সিলেট কর্তৃক ০১/০৮/২০১৭ তারিখে দরপত্র আহবান করা হয়েছে। ইতোমধ্যে প্রকল্পের অধীনে ডকু ড্রামা ও ভিডিও ডকুমেন্টরী তৈরী করা হয়েছে। অতিসত্ত্বর সেগুলো প্রচারের ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভাকে অবহিত করা হয়।

এনসিডিপি বাজার বিষয়ে উপ-পরিচালক, রংপুর সভাকে জানান যে, রংপুরের মাহিগঞ্জ ও ট্রাক টার্মিনাল এনসিডিপি বন্ধ মার্কেট ২টি চালুকরণের বিষয়ে একটি প্রথমিক প্রতিবেদন সদর দপ্তরে প্রেরন করা হয়েছে। মার্কেট দুটি চালুকরণে পুরাতন এফএমজি কমিটি পুনর্গঠনের বিষয়ে জেলা বাজার কর্মকর্তার সাথে প্রয়োজনীয় আলোচনা করা হয়েছে। রংপুর বিভাগের